

এইচএসসি প্রথম ধাপের অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ছক প্রকাশ মাউশির

অনলাইন ডেস্ক

৭ আগস্ট ২০২১ ১৪:৩৫ | আপডেট: ৭ আগস্ট ২০২১ ১৪:৪৫



ছবি : এশিয়ান এজ

চলতি বছরের এইচএসসি পরীক্ষার্থীদের প্রথম ধাপের অ্যাসাইনমেন্টের মূল্যায়ন মনিটরিং করে আঞ্চলিক পরিচালকদের কাছে পাঠাতে নির্দেশ জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। মাউশির জারি করা অ্যাসাইনমেন্ট-সংক্রান্ত অফিস আদেশের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ মূল্যায়ন ২৩ আগস্টের মধ্যে পাঠাতে হবে। কীভাবে মূল্যায়ন জমা দিতে হবে, তার ছক প্রকাশ করেছে মাউশি।

মাউশির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন সব আঞ্চলিক পরিচালক তাদের নিজ নিজ অঞ্চলভুক্ত থানা বা উপজেলার সব সরকারি ও বেসরকারি কলেজের প্রথম দুই সপ্তাহের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদানের মোট সংখ্যা উপজেলা ও জেলাভিত্তিক এবং নিজ অঞ্চলের তথ্য-সারসংক্ষেপ সংযুক্ত ছক অনুযায়ী প্রস্তুত করবেন। ২৩ আগস্টের মধ্য এসব তথ্য-উপাত্ত মনিটরিং অ্যান্ড ইভল্যুশন উইংয়ের ই-মেইলে (assignment.mew@gmail.com) পাঠাতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাস পাঠ্যসূচির আলোকে প্রণয়নকৃত অ্যাসাইনমেন্ট প্রথম ধাপে দুই সপ্তাহের জন্য গত ২৬ জুলাই মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কলেজ ও প্রশাসন শাখা হতে মাউশির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এর আলোকে অধ্যক্ষদের নেতৃত্বে নিজ নিজ প্রতিষ্ঠানে একটি করে পরীক্ষণ টিম গঠন করে অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরীক্ষণ করারও নির্দেশনা দেওয়া হয়েছে।

মাউশি থেকে পাঠানো বিজ্ঞপ্তির নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে এবং করোনাভাইরাসের কারণে স্বাস্থ্যবিধি কোনোভাবেই উপেক্ষা না করারও অনুরোধ করা হয়েছে।